

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২১৯৫ ২২/ নিষিদ্ধ কার্যাবলী পরিচ্ছেদঃ লোভ-লালসা

আরবী

عَنْ أَبِيْ وَاقِدِ اللَّيْثِيِّ قَالَ قال النبي عَلَيْ إِنَّ اللهَ عَزَّ وَجَلَّ قَالَ إِنَّا أَنْزَلْنَا الْمَالَ لِإِقَامِ الصَّلَاةِ وَإِيتَاءِ الزَّكَاةِ وَلَوْ كَانَ لِابْنِ آدَمَ وَاد لِأَحَبَّ أَنْ يَكُونَ إِلَيْهِ ثَانٍ وَلَوْ كَانَ لَهُ وَاديَانِ لَاحَبَّ أَنْ يَكُونَ إِلَيْهِ ثَانٍ وَلَوْ كَانَ لَهُ وَاديَانِ لَأَحَبَّ أَنْ يَكُونَ إِلَيْهِ مَا ثَالِثُ مَوْلًا يَمْلَأُ جَوْفَ ابْنِ آدَمَ إِلَّا التُّرَابُ ثُمَّ يَتُوبُ اللهُ عَلَى مَنْ تَابَ

বাংলা

(২১৯৫) আবৃ ওয়াকিদ লাইসী কর্তৃক বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, মহান আল্লাহ বলেন, আমি মাল অবতীর্ণ করেছি নামায আদায় ও যাকাত প্রদান করার জন্য। আদম সন্তানের (ধন-সম্পদের) যদি একটি উপত্যকা হয়ে যায়, তাহলে সে এটাই চাইবে যে, তার নিকট দু'টি উপত্যকা হোক। আর তার যদি দু'টি উপত্যকা হয়ে যায়, তবে সে এটাই চাইবে যে, তার তিনটি উপত্যকা হোক। মাটি ছাড়া অন্য কিছু আদম সন্তানের পেট ভরতে পারবে না। অতঃপর যে তাওবা করবে, মহান আল্লাহ তার তাওবা কবুল করবেন।

ফুটনোট

(আহমাদ ২১৯০৬, সিলসিলা সহীহাহ হা/১৬৩৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী \square বর্ণনাকারীঃ আবু ওয়াকিদ আল-লায়সী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন